দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 04 AUG 2016
পৃষ্ঠা: ২ কলাম: ৭

# উপবৃত্তির টাকা বিতরণে অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে

**বিশেষ প্রতিনিধি ।** প্রাথমিক স্তরে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা বিতরণে অনিয়মের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে যাচ্ছে সরকার। এ লক্ষ্যে প্রাপ্ত বিভিন্ন অভিযোগ তদন্তের নির্দেশ দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ২০ জেলার ২৫ উপজেলায় প্রাক-প্রাথমিক ও প্রাথমিকের মাসিক উপবৃত্তির টাকা বিতরণের অনিয়ম সরেজমিন তদন্তে মন্ত্রণালয়ের ১১ কর্মকর্তাকে দায়িত্ব দিয়ে ১০ কর্মদিবসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন সচিবের কাছে জমা দিতে বলা হয়েছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব নেছার আহমেদ স্বাক্ষরিত মঙ্গলবার এক আদেশে জানানো হয়, প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্পের (তৃতীয় পর্যায়) উপবৃত্তির টাকা বিতরণে সারাদেশে ব্যাপক অনিয়মের বিষয়ে বিভিন্ন জাতীয় দৈনিকে সংবাদ প্রকাশিত হয়।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব কে এম রুহুল আমীনকে মাদারীপুরের কালকিনি, ফরিদপুরের নগরকান্দা ও শরীয়তপুরের ভেদরগঞ্জ উপজেলায় অনিয়ম তদন্তের দায়িত্ব দেয়া হয়েছে। রংপুরের পীরগাছা ও বদরগঞ্জ, কুড়িগ্রামের রৌমারীতে উপসচিব নেছার আহমদ, নারায়ণগঞ্জের রূপগঞ্জ ও সিদ্ধিরগঞ্জ, গোপালগঞ্জ সদর উপজেলার অনিয়ম তদন্ত করবেন উপসচিব গোপাল চন্দ্র দাশ। উপসচিব তানভীর আহমেদকে তদন্তের দায়িত্ব দেয়া হয়েছে সিরাজগঞ্জের বেলকুচি, উপসচিব সত্যকাম সেনকে কুমিল্লার মুরাদনগর ও নাঙ্গলকোট, ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া ও বাঞ্ছারামপুর উপজেলার দায়িত্ব দেয়া হয়।

সিনিয়র সহকারী সচিব রেবেকা সুলতানা জামালপুরের দেওয়ানগঞ্জ ও টাঙ্গাইলের নাগরপুর, সিনিয়র সহকারী প্রধান কাজী মোখলেছুর রহমান ময়মনসিংহের ভালুকা ও ত্রিশাল, নেত্রকোনার মদন উপজেলায় অনিয়ম তদন্ত করবেন। সহকারী সচিব রেজাউল করিমকে মেহেরপুর সদর উপজেলার উপবৃত্তির টাকা বিতরণে অনিয়ম তদন্তের দায়িত্ব দেয়া হয়। সহকারী সচিব মিজানুর রহমানকে বাগেরহাটের মোড়েলগঞ্জ, হিসাবরক্ষণ কর্মকর্তা জাকির